# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বানিজ্যিক এলাকা,ঢাকা-১০০০।
*আইসিটি সিস্টেমস্‌, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ*


মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

স্মারক নং-বিকেবি/প্রকা/আইসিটি/সাইবার/২(৬৩)/২০২৩-২০২৪/৫৯৮ তারিখ ঃ ১৩/০১১/২০২৩

***বিষয় ঃ সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে সতর্কতা অবলম্বন সংক্রান্ত নির্দেশনা।***

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু দুষ্টচক্র বাংলাদেশ কৃষি ব্যাংকের নামে সামাজিক যোগাযোগ মাধ্যমে বিভিন্ন ফেইক পেইজ বা গ্রুপ খুলে ব্যাংকের গ্রাহক ও কর্মকর্তা/কর্মচারীদের কাছ থেকে ব্যাংক হিসাব নম্বর, কার্ডের পিন/পাসওয়ার্ডসহ অন্যান্য গুরুত্বপূর্ণ তথ্য সংগ্রহের অপচেষ্টা করছে। পাশাপাশি, ব্যাংকের বিরুদ্ধে বিভিন্ন রকম বিভ্রান্তিমূলক তথ্য পরিবেশনসহ নানাবিধ অপতৎপরতা চালিয়ে যাচ্ছে। ফলে, বাংলাদেশ কৃষি ব্যাংকের সুনাম ও ভাবমূর্তি মারাত্মকভাবে ক্ষুন্ন হচ্ছে।

০২। বর্ণিত প্রেক্ষাপটে, ব্যাংকের ভাবমূর্তি সমুন্নত রাখার নিমিত্ত সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের ক্ষেত্রে অত্র ব্যাংকের সংশ্লিষ্ট সকলের পরিপালনের জন্য স্মারক নং-বিকেবি/প্রকা/আইসিটি/সাইবার/২(৬৩)/২০২২-২০২৩/১২৩৯, তারিখঃ ১৮/১২/২০২২ (কপি সংযুক্ত) এর নির্দেশনা যথাযথভাবে পালনের জন্য পুনঃরায় নির্দেশনা প্রদান করা হলো। পাশাপাশি, বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক অফিসিয়ালি পরিচালিত নিম্নবর্ণিত ফেসবুক পেইজ ও ইউটিউব চ্যানেল ব্যতীত ব্যাংক সংশ্লিষ্ট অন্য কোন ফেসবুক পেইজ বা ইউটিউব চ্যানেলের সাথে ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের যুক্ত না থাকা বা পরিচালনা না করার জন্য কঠোরভাবে নির্দেশনা প্রদান করা হলো।

ফেসবুক পেইজঃ https://www.facebook.com/bangladeshkrishibank
ইউটিউব চ্যানেলঃ https://www.youtube.com/channel/UClL0GCJinSm3SJwZ46WYFvg

০৩। এমতাবস্থায়, বাংলাদেশ কৃষি ব্যাংকের কোন কর্মকর্তা/কর্মচারী সামাজিক যোগাযোগ মাধ্যমে বিভ্রান্তিমূলক বা আর্থিক জাল জালিয়াতি সংক্রান্ত কোন কার্যকলাপে সম্পৃক্ত না থাকা এবং অননুমোদিত ফেসবুক পেইজ বা গ্রুপ ত্যাগ করার জন্য নির্দেশ প্রদান করা হলো। তথাপিও ব্যাংকের কোন কর্মকর্তা/কর্মচারীর এহেন কার্যকলাপে সংশ্লিষ্টতা পাওয়া গেলে তার বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহন করা হবে।

০৪। বিষয়টি অতীব জরুরী।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

Rosmid ১৩.১১.২৩

(মোঃ মামুনুর রশীদ)
উপ-মহাব্যবস্থাপক

***সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি ঃ***

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। উপ-মহাব্যবস্থাপক, সকল বিভাগ, বিকেবি,প্রকা,ঢাকা।
০৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। ব্যবস্থাপক, সকল শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১১। নথি/মহানথি।

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ
ফোন ঃ ০২২৩৩৫৬৬৫১
ই-মেইল ঃ dgmictsystem@krishibank.org.bd
ওয়েবসাইটঃ www.krishibank.org.bd

৩৬২

স্মারক নংঃ বিকেবি/প্রকা/আইসিটি/সাইবার/২(৬৩)/২০২২-২০২৩/১২৩৯ তারিখঃ ১৮/১২/২০২২

***বিষয় ঃ সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা।***

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রসারের সঙ্গে সঙ্গে পৃথিবীব্যাপী সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের জনপ্রিয়তা প্রতিনিয়ত বৃদ্ধি পাচ্ছে। বাংলাদেশেও ব্যক্তি এবং প্রতিষ্ঠান পর্যায়ে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের এ প্রবণতা লক্ষণীয়। বর্তমানে বিভিন্ন ধরনের সামাজিক যোগাযোগ মাধ্যম রয়েছে, যেমন: ব্লগ, মাইক্রোব্লগস, ফেসবুক, টুইটার, গুগল প্লাস, স্কাইপ, ভাইবার, হোয়াটসঅ্যাপ,ম্যাসেঞ্জার, ইমু, ইউটিউব, ইনস্টাগ্রাম ইত্যাদি। অনলাইনে সামাজিক যোগাযোগের এই সকল মাধ্যমের অধিকাংশই ব্যবহারকারীর জন্য উন্মুক্ত। অনেকক্ষেত্রে একজন ব্যবহারকারী একাধিক মাধ্যমও ব্যবহার করতে পারেন। সরকারি প্রতিষ্ঠানসমূহ নাগরিক সেবা প্রদানে সমস্যা পর্যালোচনা, জনসচেতনতা বৃদ্ধিতে প্রচারণা এবং সর্বোপরি জনবান্ধব প্রশাসন ব্যবস্থা নিশ্চিতকরণের কার্যক্রমে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করছে। অপরদিকে, সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করে কিছু স্বার্থান্বেষী ব্যক্তি বা প্রতিষ্ঠান নানা ধরনের অসত্য তথ্য প্রকাশ করে অস্থিরতা সৃষ্টির অপচেষ্টায় লিপ্ত রয়েছে। সম্প্রতি সামাজিক যোগাযোগ মাধ্যমে বাংলাদেশ কৃষি ব্যাংকের বিভিন্ন Employee ID থেকে সরকার বা ব্যাংক সংশ্লিষ্ট বিষয়ে নিজের মনগড়া বিভিন্ন পোস্ট প্রদান বা লিংক শেয়ারের বিষয়টি লক্ষ্য করা যাচ্ছে।

০২। বর্ণিত প্রেক্ষাপটে, সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের ক্ষেত্রে সংশ্লিষ্ট সকলের পরিপালনের জন্য নিম্নোক্ত নির্দেশনা জারী করা হলোঃ

ক. সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের ক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতা ও সচেতনতা অবলম্বনপূর্বক সরকারের সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা ২০১৯ যথাযথভাবে অনুসরণ/পরিপালন করতে হবে। উল্লেখিত নির্দেশিকায় সামাজিক যোগাযোগ মাধ্যমে দাপ্তরিক এবং ব্যক্তিগত একাউন্ট তৈরি করা এবং এতে পরিহারযোগ্য বিষয়াদি উল্লেখ রয়েছে;

খ. ব্যাংকের সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীগণ বাংলাদেশ কৃষি ব্যাংকের অফিসিয়াল ফেসবুক পেজ (https://www.facebook.com/bangladeshkrishibank ) ব্যবহার করতে পারবে;

গ. কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত কোন কর্মকর্তা/কর্মচারীগণ বাংলাদেশ কৃষি ব্যাংক এর নামে কোন সামাজিক যোগাযোগ সাইটে (যেমনঃ ফেসবুক, টুইটার ইত্যাদি) কোন আইডি, পেইজ বা কোন অনলাইন চ্যানেল খুলতে পারবে না;

ঘ. কোন অবস্থাতেই কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত ব্যাংকের Domain ই-মেইল আইডি (abc@krishibank.org.bd) ব্যবহার করে কোন গণমাধ্যম বা ব্লগিং সাইট বা কোন সামাজিক যোগাযোগ সাইট (যেমনঃ ফেসবুক, টুইটার ইত্যাদি) কোন প্রকার registration/sign up বা subscription করা যাবে না;

ঙ. ব্যাংকের অতি গুরুত্বপূর্ণ স্থাপনা (Vault, DC, DRS, SWIFT Room, BACH ইত্যাদি), ব্যাংকে ব্যবহৃত বিভিন্ন সফটওয়্যারের স্ক্রিন শর্ট, নেটওয়ার্ক আর্কিটেকচার ইত্যাদির ছবি কোন সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচার বা ব্যবহার করা যাবে না;

চ. জাতীয় ঐক্য ও চেতনাার পরিপন্থী কোনো রকম তথ্য-উপাত্ত প্রকাশ করা যাবেনা;

ছ. কোন সম্প্রদায়ের ধর্মীয় অনুভূতিতে আঘাত লাগতে পারে এমন বা ধর্মনিরপেক্ষতার নীতি পরিপন্থী কোন তথ্য-উপাত্ত প্রকাশ করা যাবে না। সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্ট বা আইন-শৃঙ্খলার অবনতি ঘটতে পারে এরুপ কোন পোস্ট, ছবি, অডিও/ভিডিও আপলোড, কমেন্ট, লাইক, শেয়ার করা থেকে বিরত থাকতে হবে;

জ. জাতীয় গুরুত্বপূর্ণ ব্যক্তি, প্রতিষ্ঠান বা অন্য কোন সার্ভিস/পেশাকে হেয় প্রতিপন্ন করে এমন কোন পোস্ট দেয়া হতে বিরত থাকতে হবে;

ঝ. জনমনে অসন্তোষ বা অপ্রীতিকর মনোভাব সৃষ্টি করতে পারে এমন কোন বিষয় লেখা, অডিও বা ভিডিও ইত্যাদি প্রকাশ থেকে বিরত থাকতে হবে;

ঞ. সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যবহৃত কোন আইডি বা পেইজ বা গ্রুফ ইত্যাদি পরিচালনার সময় শৃঙ্খলা পরিপন্থী কোন তথ্য আপলোড করা যাবে না এবং কোন ধরনের গুজব ও অপপ্রচারমূলক তথ্য প্রচার করা যাবে না;

ট. সামাজিক যোগাযোগ মাধ্যমে দেশের ও ব্যাংকের ভাবমূর্তি ক্ষুন্ন হয় এমন কোন পোস্ট, ছবি, অডিও/ভিডিও আপলোড, কমেন্ট, লাইক, শেয়ার করা থেকে বিরত থাকতে হবে;

ঠ. সরকার বা ব্যাংকের নীতি বিরোধী কোন ব্যক্তিগত মতামত সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশ করা যাবে না;

ড. প্রতারণামূলক, হিংসাত্মক, অশ্লীল, মানহানিকর, আক্রমণাত্মক বা হয়রানীমূলক হিসেবে বিবেচিত হতে হারে এমন কোন কিছু সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচার বা শেয়ার করা যাবে না;

ঢ. অন্য কোন রাষ্ট্র বা রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ ব্যক্তি সম্পর্কে বিরুপ মন্তব্য সম্বলিত এমন কোন পোস্ট, ছবি, অডিও/ভিডিও আপলোড, কমেন্ট, লাইক, শেয়ার করা থেকে বিরত থাকতে হবে;

ণ. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিভিন্ন মন্ত্রাণালয় বা বিভাগ, বাংলাদেশ ব্যাংক এবং বাংলাদেশ কৃষি ব্যাংকের বিভিন্ন বিভাগ কর্তৃক জারীকৃত সকল নোটিশ বা সার্কুলার এ বর্ণিত নির্দেশনা বা তথ্য ছাড়া নিজের মনগড়া বিভিন্ন পোস্ট বা লিংক শেয়ার সম্বলিত কোন Content সামাজিক যোগাযোগ মাধ্যমে উপস্থাপন না করা যাবে না;

ত. সরকারের সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা'২০১৯ অনুসরণ করে দাপ্তরিক বা ব্যক্তিগত সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করতে হবে;

০৩। সর্বোপরি সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের ক্ষেত্রে সরকারের সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা'২০১৯, বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময়ে সময়ে জারীকৃত বিভিন্ন পলিসি ও পিএসডি সার্কুলার সমূহ এবং বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক জারীকৃত "ICT Security Policy", ক্রেডিট পলিসি ও অপারেশন ম্যানুয়্যাল-২০১৯ ও আইসিটি পরিপত্রসমূহসহ এতদসংক্রান্ত অন্যান্য যাবতীয় দিক নির্দেশনা যথাযথভাবে পরিপালন করতে হবে।

০৪। সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের ক্ষেত্রে সকলকে সতর্কতা অবলম্বনের পাশাপাশি সরকারের সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা'২০১৯ যথাযথভাবে অনুসরণ/পরিপালন করার বিষয়ে পরামর্শ প্রদান করা হলো। সামাজিক যোগাযোগ ও গণমাধ্যমে কোন বিরুপ মন্তব্য বা ভিত্তিহীন বা ব্যাংক তথা অন্য কোন প্রতিষ্ঠানের ভাবমূর্তি ক্ষুন্ন হয় এমন পোস্ট বা Content উপস্থাপন করা হয় তার দায় দায়িত্ব সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী এর উপর বর্তাবে, যেখানে ব্যাংকের কোন সংশ্লিষ্টতা থাকবেনা।

০৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে-

Rasuid 18.12.22

(মোঃ মামুনুর রশীদ)
উপমহাব্যবস্থাপক

---

বিকেবি/প্রকা/আইসিটি/সাইবার/২(৬৩)/২০২২-২০২৩/১২৩৯ তারিখঃ ১৮/১২/২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
২. স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-০১/০২/০৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
৩. স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
৪. স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৫. অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৬. সকল উপমহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, সকল বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
৭. বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৮. মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৯. সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০. ব্যবস্থাপক, সকল শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১১. নথি/মহানথি।